দৈনিক বাংলা

তারিখ ১১/৩/৮১
পৃষ্ঠা ... কলাম ...

062

ধর্মঘটী ভার্সিটি শিক্ষকদের প্রতি ছাত্রদের তাগিদ

# লেখাপড়ায় অনিশ্চয়তা থেকে রক্ষা করুন

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও শিক্ষাবর্ষের ১১২ জন ছাত্র এক যুক্ত বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ধর্মঘটে ক্ষোভ প্রকাশ করেছেন। সাধারণ ছাত্র সমাজের পক্ষ থেকে প্রদত্ত বিবৃতিতে তারা তাদের ভবিষ্যৎকে অনিশ্চয়তার হাত থেকে রক্ষা করার জন্য শিক্ষক সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন।

গতকাল উক্ত বিবৃতিতে তাঁরা বলেন যে "ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলরের নিয়োগকে কেন্দ্র করে শিক্ষকদের একাংশ দীর্ঘদিন ধরে ধর্মঘট চালানোর ফলে আমাদের লেখাপড়ার ক্ষেত্রে এক হতাশাব্যঞ্জক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। বিশেষ করে যারা আগামী ২৩শে মার্চ মাস্টার ডিগ্রী ফাইনাল পরীক্ষার্থী তারা এক অনিশ্চিত ভবিষ্যতের সম্মুখীন। তাই সাধারণ ছাত্র সমাজের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর দাবী জানাচ্ছি যে আপনারা আমাদের কল্যাণ ও অভিভাবকদের দুশ্চিন্তামুক্ত করার জন্যে গঠনমূলক পদক্ষেপ গ্রহণ করে আমাদের ভবিষ্যৎকে অনিশ্চয়তার হাত থেকে রক্ষা করুন।"

বিবৃতিদাতাদের মধ্যে রয়েছেন জনাব আবদুল গফুর এমএসসি (মনোবিজ্ঞান) পরীক্ষার্থী, জনাব মোজাম্মেল হক এম এ পরীক্ষার্থী (ইসলামের ইতিহাস), জনাব মাহ-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি

(১-এর পৃঃ পর)

বুর রহমান এম-এ (ইতিহাস) পরীক্ষার্থী, জনাব রেজাউল করিম এম এ (ইতিহাস) পরীক্ষার্থী, জনাব শহীদুল আলম শিল্পকলা ২য় বর্ষ, জনাব এম কাশেম—শেষ পর্ব (আইন) প্রমুখ।